

মোরা সত্যের পরে মন আজি করিব সমর্পণ।
জয় জয় সত্যের জয়।
মোরা বুঝিব সত্য, পূজিব সত্য, খুঁজিব সত্যধন।
জয় জয় সত্যের জয়।
যদি দুঃখে দহিতে হয় তবু মিথ্যাচিন্তা নয়।
যদি দৈন্য বহিতে হয় তবু মিথ্যাকর্ম নয়।
যদি দণ্ড সহিতে হয় তবু মিথ্যাবাক্য নয়।
জয় জয় সত্যের জয়।

মোর মঙ্গলকাজে প্রাণ আজি করিব সকলে দান
জয় জয় মঙ্গলময়।
মোর লভিব পুণ্য, শোভিব পুণ্যে, গাহিব পুণ্যগান।
জয় জয় মঙ্গলময়।
যদি দুঃখে দহিতে হয় তবু অশুভচিন্তা নয়।
যদি দৈন্য বহিতে হয় তবু অশুভকর্ম নয়।
যদি দণ্ড সহিতে হয় তবু অশুভবাক্য নয়।
জয় জয় মঙ্গলময়।

সেই অভয় ব্রহ্মনাম আজি মোরা সবে লইলাম--
যিনি সকল ভয়ের ভয়।
মোরা করিব না শেক যা হোক, চলিব ব্রহ্মধাম।
জয় জয় ব্রহ্মের জয়।

যদি দুঃখে দহিতে হয় তবু নাহি ভয়, নাহি ভয়।
যদি দৈন্য বহিতে হয় তবু নাহি ভয়, নাহি ভয়।
যদি মৃত্যু নিকট হয় তবু নাহি ভয়, নাহি ভয়।
জয় জয় ব্রহ্মের জয়।

মোর আনন্দ-মারো মন আজি করিব বিসর্জন।
জয় জয় আনন্দময়।
সকল দৃশ্য সকল বিশ্বে আনন্দনিকেতন।
জয় জয় আনন্দময়।
আনন্দ চিন্ত-মারো আনন্দ সর্বকাজে,
আনন্দ সর্বকালে দুঃখে বিপদজালে,
আনন্দ সর্বলোকে মৃত্যুবিরহে শোকে--
জয় জয় আনন্দময়।

Parjaay : Bichitro
Taal : Ektaal
Raag : Iman-Kalyan
Written on : 1901

“Mora sotyer pore mon” was first introduced as the College Anthem on the occasion of the Golden Jubilee Celebration in the year 2014. It is sung after the traditional melody practiced in Shantiniketan, on the Convocation. It is the symbol of our solidarity with Rabindranath's vision of education - undaunted devotion to Truth's absolution.